# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সান্ধ্য আইন কবলিত মনিপুরের পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রনে থাকলেও কিছু কিছু স্থানে উত্তেজনা বিরাজ করছে ।

২) মনিপুরের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে নতুন দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আমিত শাহর পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে ওই রাজ্যে সশস্ত্র বাহিনীর অতিরিক্ত ৫০টি ব্যাটেলিয়ন প্রেরণ করার সিদ্ধান্ত ।

৩) হোজাই জেলার ডবকা থেকে ডিফুর লহরীজান পর্যন্ত নির্মীয়মান চারলেনযুক্ত জাতীয় সড়কে নির্মানের কাজ ২০২৫ সালের জুন মাসের মধ্যে সম্পূর্ণ করতে কেন্দ্রীয় মন্ত্রী বীরেন্দ্র কুমারের নির্দেশ ।

এবং

৪) নতুনকরে সূচনা করা আয়ুষ্মান বয়োজ্যেষ্ঠ বন্দনা কার্ডের অধীনে ৭০ বছর এবং এর উর্দ্ধের ১০ লক্ষের অধিক প্রবীন নাগরিকের নাম পঞ্জীয়ন করে উল্লেখযোগ্য মাইল ফলক অর্জন ।

-----------------------------------------------------------------------------------

সান্ধ্য আইনের কবলে থাকা মণিপুরের পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে থাকলেও বেশকয়েকটি স্থানে উত্তেজনা বিরাজ করছে । তবে রাজ্য সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণ

করতে প্রয়াস অব্যাহত রেখেছে । কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে রাজ্যসরকার বেশকয়েকটি স্পর্শকাতর অঞ্চলে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী নিয়োগ করেছে ।অন্যদিকে অনির্দিষ্টকালের জন্য জারি করা কার্ফিউ আজও অব্যহত রয়েছে ।রাজ্যের গৃহবিভাগ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া দেশ তথা সমাজ বিরোধী বিভিন্ন ভূঁয়ো খবর নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে গত শনিবার বিকেল থেকে জিরিবাম ও ফেরজল জেলায় প্রথমে দুদিনের জন্য ইন্টারনেট সেবা কর্তন করেছিলো । এরপর শনিবার থেকেই পাঁচটি উপত্যকা জেলা সহ ৭ টি জেলায় ইন্টারনেট সেবা দুদিনের জন্য কতর্ন করা হয়েছিলো । তবে আজ সরকারী কাযরালয়গুলিতে ব্রডবেন্ড এবং ফাইবার ইন্টারনেট সেবা আংশিকভাবে প্রদান করা হয়েছে ।

ইতিমধ্যে কেন্দ্রীয় সংরক্ষিত  পুলিশ বাহিনীর সঞ্চালক প্রধান অনিশ দয়াল সিং হয়ে আজ ইম্ফালে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর শীর্ষ আধিকারিকদের সঙ্গে রাজ্যের পরিস্থিতি নিয়ন্ত্রণের কৌশল সম্পর্কে আলোচনা করেন । মণিপুরের সাম্প্রতিক উত্তেজনপূর্ণ পরিস্থিতির প্রভাব রাজ্যের রাজনীতিতেও পরিলক্ষিত হয়েছে ।আজ জিরিবামের বিজেপির জেলা পর্যায়ের ৮ জন কর্মকর্তা দল ত্যাগ করার কথা ঘোষণা করেছেন ।এন বীরেন সিং নেতৃত্বাধীন সরকারের প্রতি কনরাড সাংমা নেতৃত্বাধীন এন পি পির ৭ জন বিধায়ক সমর্থন প্রত্যাহার করার কথা গতকাল ঘোষনা করেছেন । এদিকে সরকারের প্রতি নিঃশর্ত সমর্থন প্রদান করা নাগা পিপলস ফ্রন্ট রাজ্যের সাম্প্রতিক পরিস্থিতিতে তাদের সরকারের প্রতি সমর্থন কোনোভাবেই প্রত্যাহার করবে না বলে স্পষ্ট করে দিয়েছে । আজ বিকেলে ইম্ফালে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্য এন পি এফ নেতৃত্ব বলেছে যে মণিপুরের পরিস্থিতির জন্য কেবল সরকারই দায়ী নয় ,এরসঙ্গে বেশকয়েকটি তৃতিয় পক্ষ জড়িত রয়েছে । রাজ্য বিধানসভায় ৩২ জন বিধায়কের সমর্থন লাভ করা এন বীরেন সিং সরকারের প্রতি এপর্যন্ত কোনো হুমকি না আসলেও পরবর্তী কয়েকদিনে দলের মধ্যে নেতৃত্ব পরিবর্তনের দাবী অধিক শক্তিশালী হয়ে ওঠার সম্ভাবনা রয়েছে বলে রাজনৈতিক পর্যবেক্ষকরা ধারণা করছেন ।

এদিকে কাছাড় জেলার বরাক নদীতে গতকাল উদ্ধার হওয়া মহিলার মৃতদেহটি মণিপুরে কুকি উগ্রপন্থীর অপহরণ করা ৬ জন লোকের মধ্যে একজন বলে সন্দেহ করা হচ্ছে । ইম্ফালের পুলিশ সূত্রে একথা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লীতে মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন । বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রী মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতির পর্যালোচনা করে রাজ্যে শান্তি ও জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করেন । একটানা দ্বিতীয় দিনের জন্য মণিপুরের পরিস্থিতি পর্যালোচনা করা স্বরাষ্ট্রমন্ত্রী আজকের বৈঠকে মণিপুরে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর অতিরিক্ত ৫০ টি ব্যাটেলিয়ন প্রেরণ করার সিদ্ধান্ত  গ্রহণ করেন । উল্লেখ্য মণিপুরের পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার বেশকয়েকদিন পূর্বে রাজ্যে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর ২০ টি কোম্পানী প্রেরন করেছিলো ।
আগেই জানানো হয়েছে যে গত সপ্তাহে মণিপুরে সংঘটিত হিংসাত্মক ঘটনার তিনটি মামলা অনুসন্ধানের জন্য জাতীয় অনুসন্ধান সংস্থা ..... এন আই একে দায়িত্ব অর্পণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

সর্বভারতীয় সংযুক্ত গণতান্ত্রিক মোর্চা এ আই ইউ ডি এফের সভাপতি তথা প্রাক্তন সাংসদ বদরুদ্দিন আজমল আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কাছে মণিপুরের হিংসাত্মক পরিস্থিতি নিয়নত্রণের ক্ষেত্রে হস্তক্ষেপ কামনা করে পৃথক পৃথক পত্র প্ররণ করেন । পত্রে তিনি মণিপুরে অব্যাহত থাকা হিংসা ও অশান্তি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন । সেইসঙ্গে মণিপুর সরকার হিংসা রোধ  করতে ব্যর্থ হবার জন্য জবাবদিহি করতে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে আহ্বান জানিয়েছেন । ভারত সরকার মণিপুরে শান্তি এবং ন্যায় পুনরুদ্ধারের জন্য প্রয়জনীয় সব ব্যাবস্থা গ্রহণ করবে বলে বদরুদ্দিন আজমল পত্রে আশা ব্যাক্ত করেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত এখন নিজের সুবিধাজনক স্থিতি থেকে বেরিয়ে এসেছে , উদ্ভাবনকে ভিত্তি হিসেবে গ্রহণ করেছে এবং উন্নয়নের নতুন পথ প্রসস্ত করেছে যা ভারতের নতুন পরিচয়ের চিহ্ন বহণ করছে । নাইজেরিয়ার রাজধানী আবুজাতে প্রবাসী ভারতীয়দের সম্মোধন করে শ্রী মোদী বলেন যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে দেশ এক নতুন যাত্রা শুরু করেছে । তার সরকারের সফল্যের ওপর আলোকপাত করে শ্রী মোদী বলেন যে ভারতের দেড় লক্ষের অধিক পঞ্জীয়নভুক্ত ষ্টার্ট-আপ রয়েছে । তিনি বলেন যে গত ১ দশকে ১শোর অধিক ইউনিকর্ণ গড়ে তোলা হয়েছে যা ভারতীয় ষ্টার্ট-আপ সংস্কৃতির সফলতার প্রমান বহণ করে । শ্রী মোদী বলেন যে গত দশকে ভারত মোট ঘরোয়া উৎপাদনে দুলক্ষ কোটি ডলার অর্ন্তভুক্ত করেছে । প্রধানমন্ত্রী বলেন যে মহাকাশ উদ্যোগে ভারতের অগ্রগতি বর্তমানে সমগ্র বিশ্ব

স্বিকার করে নিয়েছে । গগণ যানের মাধ্যমে সম্প্রতি মহাকাশে ভারতীয়দের প্রেরণ করা হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করে বলেন যে ভরতবর্ষ খুব শিঘ্রই নিজেদের মহাকাশ কেন্দ্র নির্মান করার প্রয়াস গ্রহণ করবে । ভারতের প্রতিরক্ষা রপ্তানি প্রায় ৩০ গুণ বৃদ্ধি পয়েছে বলেও তিনি প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী বলেন যে ভারত শান্তি, সমৃদ্ধি এবং গণতন্ত্র সন্নিবিষ্ট করে বিশ্ববাসীর জন্য এক নতুন আশার সঞ্চার করেছে । তিনি বলেন যে বিশ্ব যখনই কোন নতুন প্রত্যহ্বানের মুখোমুখি হয় ঠিক তখনই ভারত বিশ্ববন্ধু হিসেবে সহযোগিতা করার ক্ষেত্রে সর্বদা প্রথমস্থানে থাকে । কোভিড-১৯ অতিমারীর সময় যখন বিশ্বের প্রতিষেধকের প্রয়োজন ছিল তখন ভারত প্রতিষেধক প্রেরণ করার ক্ষেত্রে এগিয়ে এসেছিল ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সামাজিক ন্যায় এবং সবলীকরণ মন্ত্রী বীরেন্দ্র কুমার আজ ডিফু আদর্শ অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং ডিমাপুর সড়কের পাশে অবস্থিত জাতীয় সড়ক পরিকাঠামো উন্নয়ন নিগন লিমিটেডের কার্যালয় পরিদর্শন করেন । পরিদর্শনের পর কেন্দ্রীয় মন্ত্রী হোজাই জেলার ডবকা থেকে ডিফুর লহরীজান পর্যন্ত নির্মীয়মান চারলেনযুক্ত জাতীয় সড়কের নির্মানের কাজ ২০২৫ সালের জুন মাসের মধ্যে সম্পূর্ণ করতে এই নির্মানকার্যে নিয়োজিত প্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য যে তিন দিনের ডিফু সফরসূচি নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী বীরেন্দ্র কুমার কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের কাজ পরিদর্শন করার কাজ শেষ করে আজ দিল্লী অভিমুখে রওয়ানা দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আগামী বৈশাখ মাসে অনুষ্ঠেয় ( বহাগ ) বিহুর পূর্বে রাজ্যের পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন । শ্রী দাসের তথ্য অনুসারে পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রয়োজনীয় খসড়া ভোটার তালিকা প্রস্তুত করার কাজ অব্যাহত রয়েছে এবং আগামী ১৫ ডিসেম্বরের পূর্বে এই ভোটার তালিকা প্রস্তুত করার কাজ সম্পন্ন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

নতুনকরে সূচনা করা আয়ুষ্মান বয়োজ্যেষ্ঠ বন্দনা কার্ড ৭০ বছর এবং এর উর্দ্ধের ১০ লক্ষের অধিক প্রবীন নাগরিকের নাম পঞ্জীয়ন করে উল্লেখযোগ্য মাইল ফলক অর্জন করেছে । এই কার্ডের মাধ্যমে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে প্রবীন নাগরিকরা বিনামূল্যে স্বাস্থ্যসেবা লাভ করবেন । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় জানিয়েছে যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ২৯ অক্টোবর এই সুবিধা সূচনা করার পর ৩ সপ্তাহের মধ্যে এই মাইলফলক অর্জন করা সম্ভব হয়েছে ।

আয়ুষ্মান বয়োজ্যেষ্ঠ বন্দনা কার্ডের অধীনে প্রায় ৯ লক্ষ মহিলা তাদের নাম পঞ্জীয়নভুক্ত করেছেন । এই প্রকল্পের অধীনে এ পর্যন্ত ৯ কোটির অধিক টাকা ব্যায় করা হয়েছে এবং এর মাধ্যমে ১ হাজার ৪শোর অধিক মহিলাসহ ৭০ বছর উর্ধের ৪ হাজার ৮শোর অধিক হিতাধিকারী উপকৃত হয়েছেন ।

উল্লেখ্য যে চলতি বছরের সেপ্টেম্বর মাসে কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা সম্প্রসারণ প্রস্তাবে অনুমোদন জানিয়েছিল । এর মাধ্যমে ৭০ বছরের উর্ধের প্রবীন নাগরিকদের স্বাস্থ্যবীমার প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে । এই পদক্ষেপের দ্বারা ৪ কোটি ৫০ লক্ষ পরিবারের প্রায় ৬ কোটি প্রবীন নগরিককে অর্ন্তভুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম পুলিশের রাজ্য পর্যায়ের নিয়োগ পরিষদ আসাম কামাভো ব্যাটেলিয়নের ১শো ৬৪টি কনষ্টবল পদের পরীক্ষার প্রবেশপত্র আজ থেকে পাওয়া যাবে বলে প্রকাশ করেছে । পরিষদের জারী করা বিজ্ঞপ্তি অনুসারে প্রার্থীরা WWW.Slprbassam.in ওয়েবসাইট থেকে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে । কনষ্টবল পদ গুলির জন্য ২৫ নভেম্বর থেকে শারীরিক সক্ষমতা পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে পরিষদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে ।

-----------------------------------------------------------------------------------

বাংলাদেশের আর্ন্তজাতিক অপরাধ আদালত ওই দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং অন্যান্য আরো ৪৫ জন ব্যাক্তির বিরুদ্ধে রুজু করা দুটি মামলা সম্পর্কে আগামী ১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছে । বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সময় গণহত্যায় জড়িত থাকা এবং মানবতা বিরোধী কার্যকলাপের অভিযোগ সম্পর্কে বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার বাংলাদেশের তদন্তকারী সংস্থাকে আগামী ১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশ প্রদান করা সহ বর্তমানে ওই দেশ থেকে পলায়য়ন করা শাখ হাসিনা সহ অন্যান্য অভিযুক্তদের সম্পর্কে আদালতে শপথনামা দাখিল করারও নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য যে আজ সকালে আওয়ামী লীগ সরকারের ৯ জন মন্ত্রী সহ ১৩ জন অভিযুক্তকে বৈষম্য বিরোধী আন্দোলনের সময় হত্যাকান্ডে জড়িত থাকার অভিযোগ সম্পর্কে আদালতে হাজির করা হয় ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার অনুন্নত গ্রাম এবং প্রত্যন্ত অঞ্চলগুলিতে ফোর জি সংযোগ প্রসারিত করার জন্য জেলা আয়ুক্ত মৃদুল যাদব পদক্ষেপ গ্রহণ করেছেন । আজ জেলা আয়ুক্তের নবনির্মিত সভাকক্ষে এ সম্পর্কে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । সভায়

ভারত সরকারের ডিজিটেল ভারত নিধি ফোর জি স্যাচুরেশন প্রকল্প যার লক্ষ্যে দেশের প্রত্যন্ত এলাকাগুলিতেও সার্বজনীন ফোর-জি সংযোগ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয় । । এই পদক্ষেপ গ্রামীন জনগোষ্ঠীকে প্রয়োজনীয় ডিজিটেল পরিষেবা ,শিক্ষা এবং অর্থনৈতিক সুযোগগুলির ব্যাবহারের মাধ্যমে রূপান্তরিত করবে বলে আশা করা হচ্ছে ।

------------------------------------------------------------------------------------------

নবজাতকের সুরক্ষা এবং শিশু নিউমোনিয়া প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে আজ করিমগঞ্জ শহরে এক সচেতনতা র‍্যালীর আয়োজন করা হয় । জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আয়োজিত এই র‍্যালীর মাধ্যমে নবজাতক সুরক্ষা সপ্তাহ এবং শিশু নিউমোনিয়া প্রতিরোধ কর্মসূচী সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হয় ।অতিরিক্ত মূখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক ডা:মতীন্দ্র সূত্রধর এই র‍্যালীর সূচনা করেন । র‍্যালীটি করিমগঞ্জ সিভিল হাসপাতাল থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।

------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ভেটেনারি বিভাগের উদ্যোগে হাইলাকান্দি উন্নয়ন খন্ডের বড়হাইলাকান্দি গ্রামে এবং লালা উন্নয়ন খন্ডের সুদর্শনপুর গ্রামে সম্প্রতি দুটি পশু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে ।বড়হাইলাকান্দির চিকিৎসা শিবিরে ২৩১ টি গবাদি পশুকে পা ও মূখ সংক্রান্ত রোগের টীকা প্রদান করা হয় । সুদর্শনপুরের চিকিৎসা শিবিরে ৯০ টি গবাদি পশুর টীকাকরণ করা হয় । এছাড়া উভয় শিবিরে আরো ১৪৫ টি গবাদি পশুর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধপত্র দেওয়া হয় ।

------------------------------------------------------------------------------------------